



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd



নং- ঢাশিবো/বি/৬/আএডআ/৫৪২

তারিখ: ১৬/০৪/২০২৩

বিষয় : বিদ্যালয়ের অফিস সহকারী (বরখাস্তকৃত) জনাব মো: মাহমুদুল হাসান-কে চূড়ান্ত বরখাস্ত প্রসঙ্গে।

- সূত্র : (১) ম্যানেজিং কমিটির সিদ্ধান্তসহ ০৮/০৩/২০২২ তারিখের আবেদন।
 (২) বোর্ডের বিদ্যালয় উপ-পরিদর্শক জনাব মো: আরিফুল হক-এর ১৬/১১/২০২২ তারিখের তদন্ত প্রতিবেদন।
 (৩) বোর্ডের ১৯/০৩/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির যাচাই বাছাই ও মতামত।
 (৪) ১৯/০৩/২০২৩ তারিখের আপিল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক যাচাই বাছাইয়ের ভিত্তিতে ০৬/০৪/২০২৩ তারিখের ২২৬ তম বোর্ড সভায় অনুমোদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়ের অফিস সহকারী (বরখাস্তকৃত) জনাব মো: মাহমুদুল হাসান-এর বিরুদ্ধে ম্যানেজিং কমিটি কর্তৃক আনীত অভিযোগনামা- ১। প্রধান শিক্ষকের স্বাক্ষর জাল করা; ২। মরণব্যাপি মাদক দ্রব্য হেরোইন সেবন এবং অবৈধভাবে হেরোইন নিজ হেফাজতে রেখে বিক্রয় করা; ৩। মাদক সংক্রান্ত কোর্টে মামলা হওয়া; ৪। বিদ্যালয়ে না আসিয়া হাজিরা খাতায় স্বাক্ষর করা; ৫। অনুমতি ছাড়া বিদ্যালয় ত্যাগ করা; ৬। খেয়াল খুশিমত বিদ্যালয়ে আসা যাওয়া করা; ৭। কর্তৃপক্ষের আদেশ অমান্য করা; ৮। সহকর্মীদের সাথে অসদাচরণ করা; ৯। বিদ্যালয়ের কাজকর্ম না করা; ১০। বিদ্যালয়ের শৃঙ্খলা বহির্ভূত কাজ করা; ১১। ছাত্র-ছাত্রীরা নিরাপদ বোধ না করা ইত্যাদি।

এমতাবস্থায়, বোর্ডের ১৯/০৩/২০২৩ তারিখে বাদী ও বিবাদী উভয়ের উপস্থিতিতে তদন্ত প্রতিবেদনের সুপারিশ এবং অভিযোগসমূহ পুঙ্খানুপুঙ্খ বিশ্লেষণপূর্বক বোর্ডের আপিল এন্ড আরবিট্রেশন কমিটির সভায় ম্যানেজিং কমিটি কর্তৃক চূড়ান্ত বরখাস্তের বিষয়টি প্রমাণিত হওয়ায় তাঁকে চাকুরী হতে অব্যাহতি দেওয়ার জন্য সুপারিশ করা হয় এবং ০৬/০৪/২০২৩ তারিখে অনুষ্ঠিত ২২৬ তম বোর্ড সভায় বিদ্যালয়ের অফিস সহকারী (বরখাস্তকৃত) জনাব মো: মাহমুদুল হাসান-এর চূড়ান্ত বরখাস্তকরণের বিষয়টি অনুমোদন লাভ করে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

প্রফেসর আজাদ হোসেন চৌধুরী

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ফোন: ০২-৯৬৬৯৮১৩


প্রাপক : সভাপতি, ম্যানেজিং কমিটি
 সৈয়দপুর উচ্চ বিদ্যালয়
 সৈয়দপুর, গোপালপুর
 জেলা- টাঙ্গাইল।

মেমো নং- ৫৪২(১১)


তারিখ: ১৬/০৪/২০২৩

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। মহাপরিচালক, ব্যানবেইস, নীলক্ষেত, ঢাকা।
- ৪। জেলা প্রশাসক, টাঙ্গাইল।
- ৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ময়মনসিংহ অঞ্চল, ময়মনসিংহ।
- ৬। জেলা শিক্ষা অফিসার, টাঙ্গাইল।
- ৭। প্রধান শিক্ষক, সৈয়দপুর উচ্চ বিদ্যালয়, সৈয়দপুর, গোপালপুর, টাঙ্গাইল।
- ৮। জনাব মো: মাহমুদুল হাসান, অফিস সহকারী (বরখাস্তকৃত), সৈয়দপুর উচ্চ বিদ্যালয়, সৈয়দপুর, গোপালপুর, টাঙ্গাইল।
- ৯। পি.এস.-টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
- ১০। অফিস কপি।


 সচিব 16/4/23

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড
 ঢাকা।


 ১৬/০৪/২০২৩